২৪।

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN 6 1999 ...
পৃষ্ঠা: ৪ কলাম ...

## প্রসঙ্গ ঃ নোটবই

বর্তমানে আমাদের দেশের প্রায় ৭০% ছাত্র-ছাত্রী নোটবই পড়ে এবং নোটবইয়ের উপরেই তাহারা নির্ভরশীল। অথচ ভুল তথ্যে ভরা নোট বইগুলি পড়িয়া অনেক ছাত্র-ছাত্রী ভুলই শিখিতেছে। সেই ভুল আর শোধরাইবার সুযোগ তাহাদের ঘটে না। কয়েক দিন আগে ক্লাস নাইনের অর্থনীতির নোট বইয়ে দেখিলাম একটি বাক্য 'দাম বাড়িলে চাহিদা বাড়ে' ইহা মারাত্মক ভুল। সঠিক হইল, দাম কমিলে চাহিদা বাড়ে', 'দাম বাড়িলে চাহিদা কমে'। আমি এক ছাত্রকে এই ভুল শোধরাইয়া দিলাম। কিন্তু কয়জন আর গরজ করিয়া ভুল শোধরাইবার দায়িত্ব নিবে? নোটবইয়ের বিষয়ে বিটিভি প্যাকেজ ম্যাগাজিন 'পরিপ্রেক্ষিত'-এ একটি প্রতিবেদন প্রচার করা হইয়াছিল। কিন্তু কোন ব্যবস্থা গৃহীত হয় নাই। এমতাবস্থায়, ভবিষ্যৎ প্রজন্মের মেধা বিকাশের স্বার্থে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন জানাইতেছি।

মোঃ মাহবুবু রহমান (লিটন),
গ্রামঃ জামালপুর, ডাকঃ বড়চাপা,
থানাঃ মনোহরদী, জেলাঃ নরসিংদী।